মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান

১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

শুক্রবার দুপুরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুস সালাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক এ সময় স্বাগত বক্তব্য রাখেন।

এর আগে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ফুল দিয়ে বরণ করা হয়।

মুজিবনগর উপজেলায় যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

মুজিবনগর স্মৃতিসৌধ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ, ডিসপ্লে, শরীর চর্চা, দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে মহান বিজয় দিবস।

মুজিবনগরে শুক্রবার সারাদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদার সহিত মহান বিজয় দিবস পালন করা হয়েছে।

ভিডিপি, বাংলাদেশ স্কাউট ও স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা।

সকাল সাড়ে দশটার সময় সকল স্কুল কলেজের শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতা ও সাড়ে ১১ সময় বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়। পরে ক্রীড়া প্রতিযোগী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

এছাড়াও বাদ জোহর জাতীর শান্তি, অগ্রগতি ও মঙ্গল কামনা করে উপজেলার সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধা মত সময়ে মন্দির গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ পার্থনা এবং দুপুরে উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। বিকাল তিনটায় শুরু হয় সৌখিন ফুটবল প্রতিযোগিতা, এবং সাংস্কৃতি অনুষ্ঠান। সন্ধায় সকল সরকারী ও বেসরকারী ভবনসমূহে আলোকসজ্জার মধ্যে দিয়ে বিজয় দিবসের দিন ব্যাপি কর্মসূচি শেষ করা হয়।

গাংনীতে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বিজয় দিবস উদযাপন

মেহেরপুরের গাংনীতে নানা কর্মসুচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান বিজয় দিবস। দিবসটি উপলক্ষে ভোরে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে শুরু হয় দিনের কর্মসূচী।

সূর্যোদয়ের সাথে সাথে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনের পক্ষ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, গাংনী প্রেসক্লাব পক্ষ থেকে সভাপতি তৌহিদ উদ দৌলা রেজাসহ সকল সদস্যরা ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

পরে একে বিভিন্ন অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনকসহ নানা শ্রেণী পেশার মানুষ ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

সকাল ৯ টায় আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করা, মাঠে কুচকাওয়াজ ও শরীরচর্চা আয়োজন করা হয়। বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধ, যুদ্ধ আহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়।

এসময় বিজয় দিবসের তাৎপর্যপুর্ণ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও দিনব্যাপী নানা কর্মসূচী পালন করা হয়।

সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ৬ জন কারাগারে

মেহেরপুরে গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় কারাগারে পাঠানো হলো গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে।
তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৩০(২)/৩৫ ধারায় মামলা দিয়ে আদালাতে প্রেরণ করলে বিজ্ঞ বিচারক তাদের জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এর আগে গাংনী থানার এসআই জগদিশ চন্দ্র বসু বাদী হয়ে সাহিদুজ্জামান শিপুসহ ৯ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। যার মামলা নম্বর-২২, তারিখ-১৪/১২/২২ ইং। কারাগারে পাঠানো আরো ৫ আসামি হলেন- গাংনী সরকারী ডিগ্রি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, গাংনী উপজেলা ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। বাকি ৩ আসামি পলাতক রয়েছেন। তারা হলেন- সাহারবাটির জামিরুল ইসলাম, এলাঙ্গীর জামিরুল ইসলাম, এবং কাজিপুরের তপন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গতকাল বুধবার বিকালে

তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে আদালতে পাঠালে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলার এজাহারে জানা গেছে, সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের সহায়তায় অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেটের সাব এজেন্ট হিসেবে করিতেছে এবং অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেট পরিচালিত অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশন মোবাইল ব্যংকিং ব্যবসা বিকাশ/রকেট/নগদ/উপায়ের মাধ্যমে লেনদেন সম্পন্ন করছেন। এমন খবরের ভিত্তিতে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী বাজার সংলগ্ন উত্তরপাড়ায় শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় শিপুর কাছে থেকে তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। জব্দকৃত মোবাইল ফোনে দেখা যায় ২০২০ সালের ২৭ জুলাই তিনি অনলাইন জুয়ার সাইট ওয়ান এক্স বেটের একাউন্ট ওপেন করেন এবং সেই থেকে অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ ই-ট্রানজেকশন করে আসছেন। জব্দকৃত মোবাইল এবং তার নিকট হতে ২লাখ ২৪ হাজার ৫শ টাকা উদ্ধার করা হয়। এছাড়া আসামি রবিউল, উজ্জল, বিপুল, চঞ্চল ও জিয়াউরের নিকট থেকে মোট ২৪টি মোবাইল ফোন জব্দ করা হয়। এবং প্রতিটি মোবাইল ফোনে অনলাইন জুয়ার কার্যক্রমে জড়িত থাকার বিভিন্ন স্ক্রিণশট, লেনদের তথ্য পাওয়া যায়।

আসামিদের জিজ্ঞাসাবাদে জানা যায় বাদী জানায়, আসামি মূল সহযোগী লালু বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে বাংলাদেশী টাকা রাশিয়ান রুবলে পরিণত করে অবৈধভাবে টাকা পাচার করছেন।

এর আগে, মঙ্গলবার রাতে গাংনী শহরের উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করে সাহিদুজ্জামান শিপু, রবিউল ইসলাম, জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল চৌধুরী, জিয়াউর রহমান আটক করে পুলিশ।

প্রসঙ্গত, অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে অনলাইন জুয়া পরিচালিত করে মেহেরপুরের প্রায় দুইশত এজেন্ট রাশিয়ায় কোটি কোটি টাকা পাচার করছেন। মেহেরপুর পুলিশ অনলাইন জুয়ার সেসব দূর্গে হানা দিয়ে এর আগে বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ২৭ জনকে গ্রেফতার করে

জেলে পাঠিয়েছে। মেহেরপুর প্রতিদিনও অনলাইন জুয়া নিয়ে ধারাবাহিকভাবে অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করছে। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও অনলাইন জুয়ার সাথে জড়িত আরো কয়েকজরে তথ্য পাওয়া গেছে। ধারাবাহিকভাবে সেগুলো প্রকাশ করা হবে।

মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবসে শহীদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন ও আলেচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে জেলা প্রশাসক চত্তরে বধ্যভুমির স্মৃতিসৌধে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন । পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বক্তব্য দেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড.আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস,অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইটি) লিউজা-উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুন্ম সম্পাদক এ্যাড.ইব্রাহিম শাহিন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী প্রমুখ।

এর আগে শহীদ বুদ্ধিজীবি দিবস উপলক্ষে জেলা প্রশাসক চত্তরের গণকবরে শহীদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা ও আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টায় উপজেলা পরিষদের সভাকক্ষে এ আেলোাচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিতে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। এসময় উপস্থিত ছিলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা ও ইউপি চেয়ারম্যান বৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

‘চাই সত্য উচ্চারনের অধিকার’ এ স্লোগানে শহীদ বুদ্ধিজীবী দিবসে শহীদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকালে জেলা পরিষদের সামনে স্মৃতিসৌধে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ- সভাপতি আব্দুর রহমান, সহ- সভাপতি ইলিয়াস হোসেন, সহ- সভাপতি হাবিবুর রহমান হবু, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা মহিলা দলের সভাপতি সাইহেদাতুন নেছা, বিএনপির নেতা শাহাবুদ্দিন মোল্লা, সহ যুবদল, স্বেচ্ছাসেবকদল, ছাত্রদল, কৃষক দল ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় থেকে র্যালি বের হয়।

র্যালিটি মেহেরপুরের প্রধান শহর প্রদক্ষিণ করে জেলা পরিষদের সামনে এসে শেষ হয়।

গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় ছাত্রলীগ নেতা শিপুসহ ৬জন আটক

অনলাইন জুয়ার সাথে জড়িত থাকায় গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে আটক করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার রাত সাড়ে আটটা থেকে দীর্ঘ সময় গাংনী শহরে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায় মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে পুলিশের একাধিক টিম। অভিযানে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, ডিবির ওসি সাইফুল আলমসহ ডিবি পুলিশ ও পুলিশের একাধিক টিম অংশ নেয়।
অভিযান শেষে রাত ১১টার দিকে তাদেরকে মেহেরপুর ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। আটকরা হচ্ছেন- সাবেক ছাত্রলীগ নেতা শাহিদুজ্জামান শিপু, গাংনী সরকারি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, গাংনী বাজার কমিটির সদস্য বিপুল হোসেন, মালসাহ গ্রামের চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। পুলিশ সুত্রে জানা গেছে, গাংনী উত্তরপাড়া শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অনলাইনে জুয়া খেলা হয়। শিপুর মাধ্যমে অনেক মানুষ জুয়ার খেলার সাথে সম্পৃক্ত। এর মাধ্যমে টাকা পাচার হচ্ছে বিদেশে। এমন অভিযোগে ডিবি ও গাংনী থানা পুলিশের দুটি দল রাতে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায়। এসময় শিপুসহ কয়েকজন সেখানে প্রতিদিনের ন্যায় বসে ছিল। তাদের ব্যবহৃত ১৪টি মোবাইল ডিভাইস জব্দ করে প্রাথমিক পরীক্ষা করে। দীর্ঘ সময় ধরে মোবাইল পরীক্ষা-নিরিক্ষা করে রাত ১১টার দিকে তাদের ছয়জনকে পুলিশ হেফাজতে নিয়ে যায়।
অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন জানান, সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ছয় জনকে অনলাইন জুয়ার সাথে সম্পৃক্ততার

প্রমাণ পাওয়ায় তাদের আটক করা হয়েছে। তাদের কাছ থেকে ডিজিটাল ডিভাইস হিসেবে ১৪টি মোবাইল ও সিম জব্দ করা হয়েছে। জিজ্ঞাসাবাদ ও ডিভাইসগুলো প্রয়োজনীয় পরীক্ষা শেষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুর আদালতে হোটেল আটলান্টিক নিয়ে নাজনীন খান প্রিয়ার ১৬৪ ধারায় জবানবন্দী

অনৈতিক সম্পর্কের ভিডিও ধারণ করে অর্থ হাতিয়ে নেওয়ার অন্যতম হোতা নাজনীন খান প্রিয়া ওরফে প্রিয়া খান রিমাণ্ড শেষে আদালতে ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছে।

গত সোমবার বিকালে মেহেরপুরের জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মো: তারিক হাসানের খাস কামরায় প্রিয়া খান জবানবন্দী দেন।

প্রিয়া খান তার জবানবন্দীতে আটলান্টিক হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন ও কয়েকজন সাংবাদিককে অভিযুক্ত করেছেন। জবানবন্দীতে তিনি জানান, মউক পরিচালিত মানবতার চোখ অনলাইন পোর্টালে কাজ করার সুবাদে হোটেল আটলান্টিকায় বিজ্ঞাপন নিতে গিয়ে হোটেল মালিক মতিয়ার ও তার ছেলে মামুনের সাথে পরিচয় হয়। সাংবাদিকতা ছেড়ে দেওয়ার পর হোটেল আটলান্টিকায় গিয়ে কাজ চাইলে তারা আমাকে কাজ দেওয়ার কথা বলে। আনুমানিক দেড় মাস আগে সকাল ১১ টার দিকে হোটেল মালিকের ছেলে মামুন আমাকে ফোনে ডাকে। আমি সেখানে যাওয়ার পর মামুন আমাকে অন্যের সাথে শারীরিক সম্পর্ক করার প্রস্তাব দেয়। মামুন আমাকে আমঝুপির মৃত মোজাফফর হোসেনের ছেলে সাইদ ও সাইদের সাথে থাকা আরেকজনের সাথে শারীরিক সম্পর্ক করার জন্য বলা হয়। আমি নির্দিষ্ট রুমে অপেক্ষা করতে থাকি। কিছুক্ষণ পর সাইদ ও তার সাথে আরেকজন ব্যক্তি আসে। আমি প্রথমে সাইদের সাথে এবং পরে ওই ব্যক্তির সাথে শারীরিক সম্পর্ক করি। এ জন্য মামুন আমাকে ৪হাজার টাকা দেয়। আমি পরে জানতে পারি মামুন তাদের কাছে ১০ হাজার টাকা নিয়েছে। কিন্তু আমি জানতাম না যে, মামুন গোপনে সেগুলো

[redacted]

[redacted]

[redacted]

পূর্বের সেই ঘনিষ্ট ছবিগুলি ভাইরাল করে দিবে ও পত্রিকায় সংবাদ ছাপানোর ভয় দেখিয়ে দুই লক্ষ টাকা চাঁদা দাবী করেন। ইতোমধ্যে আমি সামাজিক ও পারিবারিক ভয়ে তাকে বিশ হাজার টাকা প্রদান করেছি। এর পরে নাজনীন খান প্রিয়া বিভিন্ন নাম্বার থেকে ফোন দেওয়ায়, ভয়ে আমি আমার ব্যবহৃত সিমটি ফেলে দিয়েছি। বর্তমানে আমি সব সময় আতঙ্কিত আছি যেকোন সময়ে নাজনীন খান প্রিয়াসহ তাদের গ্রুপ আমাকে ব্ল্যাক মেইল করে বড় ধরনের ক্ষয়-ক্ষতি ও মামলা-মোকদ্দমা করিয়ে সামাজিক ও পারিবারিক ভাবে হেয় প্রতিপন্ন করে নিঃস্ব করে দেবে।

প্রসঙ্গত, গত ২৯ নভেম্বর দিবাগত রাতে হোটেল আটলান্টিকের মালিক মতিয়ার, তার ছেলে মামুন ও ছন্দা নামের এক নারী আটক হয়। পরে ছন্দা আদালতে ১৬৪ ধারা জবানবন্দী প্রদান করে। জবানবন্দীতে উঠে আসে নানা তথ্য। এ চক্রের সাথে জড়িত চার সাংবাদিক ও এক আইনজীবী শিরোনামে ১ ডিসেম্বর বৃহস্পতিবার মেহেরপুর প্রতিদিনে প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হয়। এ ঘটনার পর থেকে জবানবন্দীতে আসা ব্যক্তিরা গা ঢাকা দিয়েছেন। এ কার্যক্রমের সাথে জড়িত নারীরা পলাতক রয়েছেন।

অনলাইন জুয়ার আরও তথ্য মিলল মুজিবনগরের চার এজেন্টের কাছে

তিন দিনের পুলিশ রিমান্ডে অনলাইন জুয়ার আদ্যপ্রান্ত তথ্য দিলেন মেহেরপুর শহরের এবি ক্যাফে থেকে আটক ৪ অনলাইন জুয়াড়ী। তারা হলেন, অনলাইন জুয়ার এজেন্ট- মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের সাইদুর ইসলাম (২২), জাহাঙ্গীর আলম (২৫),রফিকুল ইসলাম (৪১) এবং সদর উপজেলার পিরোজপুর গ্রামের সুমন খন্দকার (৩৬)।

জুয়া মামলার তদন্ত অফিসার মেহেরপুর সাইবারক্রাইম ইনভেস্টিগেশন সেলের প্রধান উপপরিদর্শক (এসআই) মনিরুজ্জামান গত ২৯/১১/২০২২ তারিখে তাদের ৫ দিনের রিমান্ড আবেদন করলে বিজ্ঞ আদালত গত ৩০/১১/২০২২ তারিখে শুনানী শেষে তাদের তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন। রিমাণ্ডে অনলাইন জুয়ার আরেক হোতা গোপালপুর গ্রামের আশরাফুল ইসলামের ছেলে স্বপন (২৮) এর কথা স্বীকার করেছে। স্বপন

অনলাইন জুয়া চ্যানেল ক্রয়-বিক্রয়ের হোতা হিসেবে কাজ করে।

আদালতের আদেশ পাওয়ার পর আসামি রাজু আহম্মেদ ওরফে রাজন (২০) ও সজীব আহম্মেদ (২৫) কে ৩ দিনের রিমান্ড নেওয়া হয়। রিমান্ডে তারা জুয়া খেলার আদ্যপ্রান্ত নিয়ে নানা তথ্য প্রদান করেন। সে জিজ্ঞাসাবাদে জানায়, অনলাইন জুয়ার মাস্টারমাইন্ড বদরুদ্দোজা ওরফে রয়েল ও প্রসেনজিৎ হালদার তার অনলাইন জুয়ার ব্যবসায়ীক পার্টনার। অনলাইন জুয়ার তিনটি চ্যানেলের মালিক সে। তার একটি চ্যানেল রাজন নগদ মেলবেট প্রসেনজিত হালদার চালাতেন। কিন্তু প্রসেনজিত হালদার গ্রেফতারের পর পলাতক সাহেবপুর গ্রামের কাইজার আলীর ছেলে রতন মিয়া (৩০) গোপনে চালাচ্ছে। তার অপর চ্যানেলটি লোকা নগদ লাইনবেট পুলিশের অনবরত অভিযানে ফলে তার অন্য সাব এজেন্ট সদর উপজেলার শ্যামপুর গ্রামের বখতিয়ার খালেদ বুলবুল(৩০) এর নিকট ৮ লাখ টাকায় বিক্রি করে দিয়েছেন। তিন নং চ্যানেল সিআর-৭ মেলবেট রকেট আর্ণব আহমেদ ওরফে মোমিন (২৭) এর কাছে আছে। এছাড়া সে জানায় তার অনলাইন জুয়া কারবারে ব্যবহৃত সিমকার্ডগুলো গ্রেফতারকৃত সজীব আহম্মেদের সহযোগীদের দিয়ে সংগ্রহ করা হয়েছে।

রাজন আরো বলেন, অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ ই ট্রানজেকশনের জন্য চারটি গ্রুপকে একত্রিত হয়ে হয়। প্রথম গ্রুপের সদস্যরা রাশিয়ান সাইন ১এক্◌্রবেট এবং মেলবেট এজেন্ট হওয়ার জন্য কাজ করে। দ্বিতীয় গ্রুপটি প্রথম গ্রুপ এজেন্ট হওয়ার প্রাপ্ত চ্যানেল ডলার বা ই মানি সংগ্রহের কাজ করে। তৃতীয় গ্রুপ দেশের বিভিন্ন প্রান্ত থেকে মোবাইল ব্যাংকিং এজেন্ট সিম কার্ড সংগ্রহের কাজ করে। চতুর্থ গ্রুপ জুয়া পরিচালনার মাধ্যমে অবৈধ ই ট্রানজেকশন করে। এই সব গ্রুপগুলো একে অপরের পরিপুরুক হিসেবে কাজ করে। এজেন্ট হওয়ার জন্য রাশিয়ান সাইন ১এক্◌্রবেট এবং মেলবেট এর এডমিন গ্রুপের সাথে মেইলের মাধ্যমে যোগাযোগ করতে হয়।

যোগাযোগের মাধ্যম হিসেবে তাদের ভেরিফাইড মেইলে এজেন্টশীপ হওয়ার জন্য মেইল করে। তাদের মেইল করার জন্যও একটি ফরমেট আছে। এজেন্টশীপের জন্য জাতীয় পরিচয়পত্র সংবলিত ছবি এজেন্টের বর্তমান ছবি, ব্যবসায়ী প্রতিষ্ঠানে ছবি ও ভিডিও দিতে হয়। এছাড়া ব্যবসা প্রতিষ্ঠানের কর্মরত কর্মীদের নাম ঠিকানাসহ ছবি ব্যবসা পরিচালনার জন্য ব্যবসায়ীক ব্যাংক এস্টেমেন্ট এর স্ক্যান করা কপিসহ আনুসাঙ্গিক কাগজপত্র পাঠাতে হয়। এসব কাগজপত্র যাচাই-বাছাই শেষে এজেন্টশীপ দেওয়ার বিষয় সন্তোষজনক মনে হলে তারা তাদের বাংলাদেশের প্রতিনিধির সাথে যোগাযোগ করার জন্য অনুমতি দেন। তাদের রাশিয়ান

সাইন ১এক্◌্রবেট এবং মেলবেট এর বাংলাদেশের প্রতিনিধির একটি লিংক দেন।

পরে বাংলাদেশের প্রতিনিধির সাথে টেলিগ্রামে কথা বলে তাদের সম্মতিতে বাংলাদেশ প্রতিনিধির সাথে কথোপকথনের স্কিন শর্ট তাদের টেলিগ্রামে পাঠাতে হয়। পরে তাদের বাংলাদেশের প্রতিনিধিরা একটি ইউজার আইডি ও পাসওয়ার্ড দেন। এই ইউজার এবং পাসওয়ার্ডের মাধ্যমে রেড্ডি নামক এ্যাপলিকেশন এবং মেনেজমেন্ট.আইও ওয়েবসাইটে প্রবেশ করা হয়। ইউজার আইডি ও পাসওয়ার্ড পর প্রয়োজন হয় ব্যালেন্স প্রবেশ করানো এবং অবৈধ ই ট্রানজেকশনের মাধ্যম হিসেবে মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং সিমকার্ড। সে কয়েকজন এজেন্ট নিয়োগ দিয়ে এই অবৈধ কারবার চালিয়ে আসছে।

রিমান্ডের অপর আসামি সজিব খান বলেন, সে গ্রেফতারকৃত বদরুদ্দোজা ওরফে রয়েল ও পলাতক নাসির শাহ (২৮) এর সাথে ব্যবসায়ীক পার্টনার হিসেবে কাজ করে। সে অনলাইন চ্যানেল চালানোর পাশাপাশি অবৈধ এজেন্ট সিমকার্ড সংগ্রহের কাজ করে। এলাকা এবং রাজশাহী থেকে এজেন্ট সিম কার্ড সংগ্রহ করে বলে স্বীকার করে সে। এসব এজেন্ট সিমকার্ড দিয়েই অনলাইন জুয়ার অবৈধ ই ট্রানজেক্শন করে। বেশ কিছু অবৈধ এজেন্ট সিমকার্ড ও তার মালিকের নাম ঠিকানাও জানিয়েছে সে। সজীব খান জানিয়েছে, একটি অবৈধ এজেন্ট সিমকার্ডের মালিককে মাসিক ৩৫ থেকে ৫০ হাজার টাকা ভাড়া দিতে হয়।

তদন্ত অফিসার মনিরুজজামান তার প্রতিবেদনে উল্লেখ করেন, দুই আসামি রিমান্ডে ১৬১ ধারায় জবানবন্দী দিলেও ১৬৪ ধারায় আদালতে জবানবন্দী দিতে অস্বীকৃতি জানিয়েছেন।

সম্প্রতি শহরের কাথুলী সড়কের এবি ক্যাফে রেস্টুরেন্ট অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের সাইদুর ইসলাম (২২), জাহাঙ্গীর আলম (২৫),রফিকুল ইসলাম (৪১) এবং সদর উপজেলার পিরোজপুর গ্রামের সুমন খন্দকার (৩৬)আটক করা হয়।
এসময় তাদের কাছে থেকে ৫টি মোবাইল ফোন, অনলাইন জুয়ার সাইট পরিচালিত ২টি নগদ ও বিকাশের এজেন্ট সিম, নগদ ৫০ হাজার টাকা এবং ১০টি সিম উদ্ধার করেছে পুলিশ।

অনলাইন জুয়ার আরও সংবাদ

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা